

## 🔳 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৭৮০

মেহমানদারি

পরিচ্ছেদঃ ৩৩৩- এক ব্যক্তিকে অপর ব্যক্তির এরূপ বলা, তোমার সর্বনাশ হোক।

بَابُ قَوْل الرَّجُل لِلرَّجُل: وَيْلَكَ

## আরবী

حَدَّتَنَا سَهْلُ بْنُ بَكَّارٍ، قَالَ: حَدَّتَنَا الأَسْوَدُ بْنُ شَيْبَانَ، عَنْ خَالِدِ بْنِ سُمَيْرٍ، عَنْ بَشِيرِ بْنِ فَهِيكٍ، عَنْ بَشِيرٍ، وَكَانَ اسْمُهُ زَحْمَ بْنَ مَعْبَدٍ، فَهَاجَرَ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم، فَقَالَ: مَا اسْمُكَ؟ قَالَ: زَحْمٌ، قَالَ: بَلْ أَنْتَ بَشِيرٌ، قَالَ: بَيْنَمَا أَنَا أَمْشِي مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم إِذْ مَرَّ بِقُبُورِ الْمُشْرِكِينَ فَقَالَ: لَقَدْ سَبَقَ هَوُّلاءِ خَيْرٌ كَثِيرٌ ثَلاَثًا، فَمَرَّ بِقُبُورِ الْمُشْرِكِينَ فَقَالَ: لَقَدْ سَبَقَ هَوُّلاءِ خَيْرٌ كَثِيرٌ ثَلاَثًا، فَمَرَّ بِقُبُورِ الْمُسْلِمِينَ فَقَالَ: لَقَدْ أَدْرَكَ هَوُّلاءِ خَيْرًا كَثِيرًا ثَلاَثًا، فَحَانَتْ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم نَظْرَةً، فَرَأَى رَجُلاً يَمْشِي فِي الْقُبُورِ، وَعَلَيْهِ نَعْلاَنِ، فَقَالَ: يَا صَاحِبَ عليه وسلم نَظْرَةً، فَرَأًى رَجُلاً يَمْشِي فِي الْقُبُورِ، وَعَلَيْهِ نَعْلاَنِ، فَقَالَ: يَا صَاحِبَ السِبْتِيَّتَيْنِ، أَلْقِ سِبْتِيَّتَيْكَ، فَنَظَرَ الرَّجُلُ، فَلَمَّا رَأَى النَّبِيَّ صلى الله عليه وسلم خَلَعَ السِبْتِيَّتَيْنِ، أَلْقِ سِبْتِيَّتَيْكَ، فَنَظَرَ الرَّجُلُ، فَلَمَّا رَأَى النَّبِيَّ صلى الله عليه وسلم خَلَعَ نَعْلَيْهِ فَرَمَى بِهِمَا.

## বাংলা

৭৮০। বশীর ইবনে মাবাদ আস-সাদূসী (রাঃ) থেকে বর্ণিত। তার পূর্বনাম ছিল জাহম ইবনে মাবাদ। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট হিজরত করেন। তিনি জিজ্ঞেস করেঃ তোমার নাম কি? তিনি বলেন, জাহম (দুর্দশা)। তিনি বলেনঃ তুমি হচ্ছে বশীর (সুসংবাদদাতা)। তিনি বলেন, একদা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে হাঁটছিলাম। তিনি মুশরিকদের কবরস্থানের নিকট পোঁছে বলেনঃ এরা প্রভূত কল্যাণ হারিয়েছে। তিনি তিনবার এরূপ বলেন। অতঃপর তিনি মুসলিমদের কবরস্থানে পৌছে বলেনঃ এরা প্রভূত কল্যাণ লাভ করেছে। তিনি তিনবার এরূপ বলেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দৃষ্টি এক ব্যক্তির উপর পতিত হলো। সে জুতা পরিহিত অবস্থায় কবরস্থানের মধ্য দিয়ে যাচ্ছিল। তিনি বলেনঃ হে জুতাধারী! তোমার জুতা খুলে ফেলে দাও। লোকটি তাকালো। সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখে তৎক্ষণাৎ তার জুতাজোড়া খুলে ফেলে দিলো। (আবু দাউদ, নাসাঈ, ইবনে মাজাহ, আহমাদ)

## **English**



Bashir ibn Ma'bad as-Sadusi (whose name was Zahim ibn Ma'bad) made hijra (emigration) to the Prophet, may Allah bless him and grant him peace, and the Prophet asked him, "What is your name?" "Zahim," he replied. The Prophet said, 'No, you are Bashir." Bashir said, "While I was walking with the Messenger of Allah, may Allah bless him and grant him peace, he passed the graves of some idolaters. He said, 'These people have missed much good' three times. Then he passed by the graves of the Muslims and observed, 'These people have obtained much good.' The Prophet, may Allah bless him and grant him peace, suddenly looked up and saw a man wearing sandals walking among the graves. He said, 'You with the ox-hide sandals, take off your sandals!' When he saw the Prophet, may Allah bless him and grant him peace, he removed his sandals and threw them away.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন